অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/20/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল 10 মিলিয়ন মার্কিন ডলার ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগের অংশ হিসেবে রিভারহেডের রূপান্তরকারী প্রকল্পসমূহ ঘোষণা করলেন

আটটি ডাউনটাউন পুনরুজ্জীবন প্রকল্প স্ট্রিটস্কেপ এবং জনসমাগমের স্থান উন্নত, শিল্প ও সংস্কৃতির কর্মকাণ্ড সম্প্রসারিত এবং ব্যবসা ও আবাসন সুযোগ বৃদ্ধি করবে

প্রকল্পের রেন্ডারিংগুলো পাওয়া যাবে এখানে

গভর্নর হোকল 10 মিলিয়ন মার্কিন ডলার ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগের (Downtown Revitalization Initiative, DRI) অংশ হিসেবে রিভারহেড টাউনে আটটি রূপান্তরকারী প্রকল্পসমূহ ঘোষণা করলেন। এই অর্থ স্ট্রিটস্কেপ এবং জনসমাগমের স্থান উন্নত, শিল্প ও সংস্কৃতির কর্মকাণ্ড সম্প্রসারিত এবং ব্যবসা ও আবাসন সুযোগ বৃদ্ধি করবে।

"আমরা লং আইল্যান্ডের পুনরুজ্জীবনে প্রতিশ্রুতিবদ্ধ, এবং এই বিনিয়োগগুলি একটি আরো হাঁটার উপযোগী, প্রাণবন্ত ডাউনটাউন তৈরি করবে যা রিভারহেডকে বাড়ি বলা বহু প্রজন্মের নিউ ইয়র্কবাসীদের জন্য লাভজনক হবে," **গভর্নর হোকল বলেন।** "এইসব প্রকল্প সরকারি স্থানকে উন্নত করবে এবং আরো সাশ্রয়ী আবাসন সুযোগ তৈরি করবে, এবং আমার প্রশাসন এমন রূপান্তরকারী প্রকল্পসমূহে অগ্রাধিকার প্রদান করে যাবে যা নিউ ইয়র্কজুড়ে সম্প্রদায়সমূহে বলীয়ান করবে।"

রিভারহেড টাউন লং আইল্যান্ডের পূর্ব প্রান্তে উত্তর ও দক্ষিণ বাঁকের সন্ধিস্থলে অবস্থিত; পেকোনিক নদীমুখে এর অবস্থান সৈকত এবং অন্যান্য প্রাকৃতিক সংস্থানকে উপলভ্য করে। আরো পশ্চিমের সম্প্রদায়গুলির থেকে আলাদা এই টাউনটির অধিকাংশ গ্রামীণ এবং কৃষিপ্রধান এবং এটি স্টেটের ক্রমবর্ধমান ওয়াইন তৈরির অঞ্চলগুলির একটি হয়ে উঠেছে। রিভারহেডের DRI তহবিল বিদ্যমান এবং নতুন বিনিয়োগকে একই সুতায় গাঁথবে একটি নিরাপদ, পথচারীবান্ধব সম্প্রদায় তৈরি করার জন্য যেখানে ডাউনটাউন এলাকাসমূহের এবং রিভারহেডের মধ্যে আরো ভালো সংযোগ থাকবে।

এই বিনিয়োগগুলি লং আইল্যান্ডের অর্থনীতিকে পুনর্জীবিত করতে এবং আরো সুযোগ তৈরি করতে গভর্নরের চলমান প্রয়াসের অংশ। DRI-এর নেতৃত্বে রয়েছে ডিপার্টমেন্ট অব স্টেট (Department of State) যারা প্রতিটি অংশগ্রহণকারী কমিউনিটিকে ডাউনটাউন এলাকার

পুনরুজ্জীবিতকরণের জন্য একটি অনন্য রূপকল্প সামনে নিয়ে সুনির্দিষ্ট প্রকল্পগুলো শনাক্ত করে একটি কৌশলগত বিনিয়োগ পরিকল্পনা প্রণয়ন করার এই সময়ে প্রযুক্তিগত সহায়তা প্রদান করছে।

DRI-র মাধ্যমে অর্থায়িত নির্দিষ্ট প্রকল্পসমূহ সম্প্রদায়ের কৌশলী বিনিয়োগ পরিকল্পনার একাধিক লক্ষ্য ও কৌশলকে সমর্থন করবে, যেমন, স্ট্রিটস্কেপ এবং জনসমাগমের স্থান উন্নত করা, শিল্প ও সংস্কৃতির কর্মকাণ্ড সম্প্রসারিত করা এবং ব্যবসা ও আবাসন সুযোগ বৃদ্ধি করা। DRI-র মাধ্যমে এইসব প্রকল্পে করা 9.7 মিলিয়ন মার্কিন ডলার পুনরুজ্জীবন প্রক্রিয়া অগ্রসর ও গতিবেগ বৃদ্ধির সাথে সাথে অতিরিক্ত সরকারি ও বেসরকারি বিনিয়োগ ব্যবহার করবে।

প্রকল্পগুলোর মধ্যে রয়েছে:

<u>উন্নত স্ট্রিটস্কেপ এবং জনসমাগমের স্থান</u>

একটি নতুন টাউন স্কয়ার তৈরি - DRI পুরস্কার: 3,240,000মার্কিন ডলার
একটি নতুন সরকারি প্লাজা এবং জনসমাগমের স্থান গঠন যেখানে সারা বছরের সক্রিয়তার ব্যবস্থা থাকবে এবং যা অ্যাক্সেসিবল পথচারীর সংযোগ এবং মেইন স্ট্রিট থেকে নদীর সামনে পর্যন্ত বীথিকা থাকবে।

পেকোনিক পার্ককে একটি অভিযোজিত খেলার মাঠ দিয়ে উন্নত করা - DRI পুরস্কার: 245,000 মার্কিন ডলার
পানির বৈশিষ্ট্য এবং শিক্ষামূলক কর্মকাণ্ডসহ একটি খেলার মাঠ এবং পার্কের স্থান নির্মাণ করা যা ওয়াটারফ্রন্ট অবস্থানের সাথে সম্পর্কিত হবে এবং ডাউনটাউন স্থিতিস্থাপকতা প্রচেষ্টাকে সহায়তা করার জন্য সবুজ অবকাঠামো ও নকশা ব্যবহার করবে।

মেইন স্ট্রিট সংলগ্ন পথচারীর এলাকা উন্নত করা - DRI পুরস্কার: 750,000 মার্কিন ডলার
ট্র্যাফিক শান্ত করার নকশা উপাদান স্থাপন করবে যাতে মেইন স্ট্রিট সংলগ্ন দুইটি বিশিষ্ট মোড়ে পথচারীদের নিরাপত্তা বৃদ্ধি পায়, যার মধ্যে রয়েছে কার্ব বাম্প-আউট, উঁচু ক্রসওয়াক, এবং পথচারীদের জন্য সঙ্কেতের ব্যবস্থা। নতুন সড়কের গাছ ও ল্যান্ডস্কেপিং স্থাপন করা।

একটি নতুন টাউন রোয়িং ফ্যাসিলিটি নির্মাণ - DRI পুরস্কার: 250,000 মার্কিন ডলার
পেকোনিক নদীতে একটি ভাসমান আমেরিকানস উইথ ডিজেবিলিটি অ্যাক্ট (Americans with Disabilities Act, ADA) অ্যাক্সেসিবল সম্প্রদায়ের নৌকা ছাড়ার ফ্যাসিলিটি নির্মাণ যেখানে ক্রু নৌকা চালানো ও ছাড়ার স্থান এবং সম্ভব হলে ক্রু নৌকা রাখার তাক থাকবে।

<u>সম্প্রসারিত শিল্প ও সাংস্কৃতিক কর্মকাণ্ড</u>

সরকারি শিল্প কর্মসূচি বাস্তবায়ন - DRI পুরস্কার: 250,000 মার্কিন ডলার
ডাউনটাউন রিভারহেডে স্থানীয় সরকারি শিল্পকর্ম গঠন করতে স্থানীয় শিল্পীদেরকে জড়িত করা, বিদ্যমান সম্প্রদায়ের শিল্পকর্মের সাফল্যকে অগ্রসর করা।

সাফোক থিয়েটার সম্প্রসারিত করা - DRI পুরস্কার: 2,000,000 মার্কিন ডলার
একটি বিদ্যমান, ঐতিহাসিক থিয়েটার মঞ্চকে সম্প্রসারিত করা এবং গ্রিনরুম ও ব্যাক অফ হাউজ কার্যকারিতা যোগ করা, সবকিছু হবে কর্মীবাহিনীর আবাসনসহ আবাসিক ইউনিটের একটি বৃহত্তর নির্মাণকাজের একটি উপাদান হিসেবে।

লাইব্রেরির জন্য একটি নতুন প্রবেশ ও স্বাগত কেন্দ্র নির্মাণ - DRI পুরস্কার: 215,000 মার্কিন ডলার
একটি নতুন অ্যাক্সেসিবল প্রবেশ ও সাইনেজসহ পথচারী পথ, বাতি ও ল্যান্ডস্কেপিং প্রদান করা এবং স্ব-পরিবেশনের অতিথি কেন্দ্রের জন্য অভ্যন্তরীণ স্থান অন্তর্ভুক্ত করা যা ডাউনটাউন ব্যবসা ও ইভেন্টের জন্য প্রচারণার সুযোগ প্রদান করবে।

<u>বর্ধিত ব্যবসা ও আবাসন সুযোগ</u>

গ্রিফিং অ্যাভিনিউয়ে একটি মিশ্র ব্যবহারের ডেভেলপমেন্ট তৈরি করা - DRI পুরস্কার: 2,750,000 মার্কিন ডলার
একটি নতুন মিশ্র ব্যবহারের ডেভেলপমেন্ট নির্মাণ করা যেখানে কর্মীবাহিনীর আবাসন এবং খুচরা বিক্রয়/বাণিজ্যিক স্থান থাকবে একটি সরকারি পার্কিং কাঠামোর লাইনিংয়ে।

নিউ ইয়র্ক স্টেটের সচিব রবার্ট জে. রড্রিগেজ বলেন, "ছবির মতো সুন্দর সৈকত, একটি সমৃদ্ধশালী শিল্প ও সাংস্কৃতিক দৃশ্য এবং উদযাপিত লং আইল্যান্ড ওয়াইন অঞ্চলে এর কৌশলী অবস্থান নিয়ে, ডাউনটাউন রিভারহেডকে সম্প্রদায়ের বিদ্যমান সম্পদকে ব্যবহার করে এমন মুখ্য বিনিয়োগের মাধ্যমে পুনরায় খুঁজে পাওয়া যাচ্ছে এবং পুনঃকল্পনা করা যাচ্ছে। এই আটটি প্রকল্প এই ক্রমবর্ধমান টাউনে ইতিমধ্যে হতে থাকা উন্নয়নকাজের সম্পূরক হবে যা ডাউনটাউন ও রিভারফ্রন্টের মধ্যকার হাঁটার উপযোগিতা ও সংযোগ উন্নত করবে, বহু প্রজন্মের সরকারি জনসমাগমের স্থান গঠন করবে এবং নতুন মিশ্র ব্যবহারের ডেভেলপমেন্ট নির্মাণ করবে যাতে আবাসন ও ব্যবসায়িক সুযোগ বৃদ্ধি করা যায়, এর সবই রিভারহেডকে বসবাস, কাজ ও বেড়ানোর জন্য একটি আদর্শ স্থান করবে। আমি এইসব প্রকল্প আগামী অনেক প্রজন্মের জন্য এই সম্প্রদায়ে যেই ইতিবাচক প্রভাব ফেলবে তা দেখতে আনন্দিত।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development) প্রেসিডেন্ট, প্রধান নির্বাহী কর্মকর্তা এবং কমিশনার হোপ নাইট বলেন, "এই রূপান্তরকারী রিভারহেড প্রকল্পসমূহ প্রদর্শন করে কীভাবে DRI সম্প্রদায়সমূহকে রিচার্জ করে সংযোগ জোরদার করে এমন অ্যাক্সেস তৈরির মাধ্যমে। পথচারী ও সাইকেলচালকদের জন্য যাতায়াত সহজতর করার মাধ্যমে, এবং পেকোনিক নদীকে আকর্ষণের কেন্দ্রবিন্দু করার মাধ্যমে, এই লং আইল্যান্ড সম্প্রদায়টি আরো দর্শনার্থী, ব্যবসা ও অর্থনৈতিক কর্মকাণ্ডকে আকৃষ্ট করবে।"

নিউ ইয়র্ক স্টেটের হোমস এবং কমিউনিটি রিনিউয়াল (New York State Homes and Community Renewal) কমিশনার রুথঅ্যান ভিস্নাউস্কাস বলেন, "রিভারহেডে আজকের আটটি অর্থদান টাউনের প্রাকৃতিক সম্পদের উপর ভিত্তি করে হইছে এবং এটি সম্প্রদায়কে

সাফোক কাউন্টির একটি শিল্প ও সংস্কৃতির কেন্দ্র হিসেবে বিকশিত হয়ে উঠতে সাহায্য করবে। ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগের মাধ্যমে, নিউ ইয়র্ক স্টেটজুড়ে মিউনিসিপ্যালিটিগুলিতে কৌশলী বিনিয়োগ করছে যার ফলে মানসম্পন্ন আবাসন সুযোগ এবং আরো বলীয়ান স্থানীয় অর্থনীতিসহ আরো প্রাণবন্ত ও হাঁটার উপযোগী ডাউনটাউন পাওয়া যাবে।"

স্টেটের সিনেটর অ্যান্থনি প্যালাম্বো বলেন, "আমি আনন্দিত যে রিভারহেড এই গুরুত্বপূর্ণ তহবিল নিশ্চিত করতে পেরেছে তাদের ডাউনটাউনের পুনর্গঠনের জন্য। এই অতি গুরুত্বপূর্ণ অনুদান তহবিলটি পুরো অঞ্চলের অর্থনৈতিক বিকাশকে অগ্রসর করবে, এবং একইসাথে রিভারফ্রন্টকে কেন্দ্রে রেখে সম্প্রদায়ের আরো মহৎ চেতনার লালন করবে।"

অ্যাসেম্বলিসদস্য জোডি জিলিও বলেন, "রিভারহেডের আবেদনপত্র সত্যিই অসাধারণ ছিলো এবং এই নির্বাচন তাদের সম্পূর্ণ প্রাপ্য। আমি আত্মবিশ্বাসী যে ডাউনটাউন রিভারহেড রূপান্তরকারী অর্থনৈতিক পুনর্গঠনের জন্য সম্পূর্ণ তৈরি। আমি যেকোনো উপায়ে আমাদের পারস্পরিক ডাউনটাউন পুনরুজ্জীবন লক্ষ্য অর্জনে রিভারহেডকে সাহায্য করার জন্য অঙ্গীকারবদ্ধ।"

সাফোক কাউন্টি নির্বাহী স্টিভ বেলোন বলেন, "সাফোকে, আমাদের ডাউনটাউনগুলি আমাদের সম্প্রদায়সমূহের কেন্দ্রবিন্দু, এবং গত কয়েক বছর ধরে রিভারহেড অত্যন্ত কঠোর পরিশ্রম করেছে তাদের ব্যবসায়িক জেলাকে পুনর্জীবিত করতে এবং তাদের সম্প্রদায়সমূহে নতুন প্রাণ সঞ্চার করার জন্য। এই রূপান্তরকারী প্রকল্পসমূহ, যা গভর্নর হোকলের কল্যাণে সম্ভব হচ্ছে, আমাদের চলমান পুনরুজ্জীবন প্রয়াসগুলিকে জোরদার করে।"

রিভারহেডের সুপারভাইজার ইভেট আগুইয়ার বলেন, "বিশ্বের মিলিয়ন মিলিয়ন মানুষের জন্য, এই মৌসুম হলো 'বিশ্বাস করার' সময়। ধন্যবাদ গভর্নর হোকলকে, ডাউনটাউন রিভারহেডের ভবিষ্যতে 'বিশ্বাস করার' জন্য।"

ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগ (Downtown Revitalization Initiative)
নিউ ইয়র্ক স্টেটের DRI, তার অর্থনৈতিক উন্নয়ন কর্মসূচির একটি ভিত্তি, যা ডাউনটাউনের আশেপাশের এলাকাগুলোকে প্রাণবন্ত কেন্দ্রে রূপান্তরিত করে যা উচ্চ জীবনমান সরবরাহ করে এবং পুনর্নির্মাণ, ব্যবসা, কর্মসংস্থান সৃষ্টি এবং অর্থনৈতিক ও আবাসন বৈচিত্র্যের জন্য চুম্বক হিসেবে কাজ করে। এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development), হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল (Homes and Community Renewal) এবং NYSERDA-এর সহায়তায় ডিপার্টমেন্ট অফ স্টেটের নেতৃত্বে, DRI একটি অভূতপূর্ব ও উদ্ভাবনী "পরিকল্পনা-তারপর-বাস্তবায়ন" কৌশলের প্রতিনিধিত্ব করে যা তাৎক্ষণিক বাস্তবায়নের সাথে কৌশলগত পরিকল্পনা করে এবং এর ফলে কম্প্যাক্ট, হাঁটারযোগ্য ডাউনটাউন যা পাবলিক ট্রানজিটের ব্যবহার এবং ব্যক্তিগত যানবাহনের উপর নির্ভরতা হ্রাস করে রাষ্ট্রের সাহসী জলবায়ু লক্ষ্য অর্জনের পাশাপাশি নিউ ইয়র্ক স্টেটকে কোভিড-19 মহামারীর প্রভাব থেকে এর অর্থনীতি পুনর্নির্মাণে সাহয্য করার একটি মূল উপাদান। DRI সম্পর্কে আরো তথ্য এখানে পাওয়া যাবে৷

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418